# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমুহের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

**১। রেজিস্ট্রারের অফিস (শিক্ষা-৩)**

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (পুন:বিজ্ঞপ্তি) টাঃ ৯৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)** | ০১ টি | প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

**২। রেজিস্ট্রারের অফিস (শিক্ষা-৪)**

| | | |
|---|---|---|
| **অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)** | ০২ টি | প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

৩। প্রাণিবিদ্যা বিভাগ

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **ল্যাবরেটরি টেকনিশিয়ান টাঃ ১২,৫০০-৩০,২৩০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)** | ০১ টি | প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

**৪। লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট**

| | | |
|---|---|---|
| **ক্রাফট ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)** | ০১ টি | প্রার্থীকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পাসসহ স্নাতক/সমমান-এ ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৭৫ থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ১৭-০৭-২০২৫ খ্রিস্টাব্দ/০২-০৪-১৪৩২ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ ও ২-এর আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৪ এর আবেদনপত্র পরিচালক, লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে ।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

3/Advertisement
Fuad